



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email: updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date : ১৬ জুলাই ২০১৪

প্রেস রিলিজ

বাবুছড়ায় বিজিবি ব্যাটালিয়ন সদর দপ্তর স্থাপন ও গ্রামবাসীদের উপর হামলার প্রতিবাদে দক্ষিণ কোরিয়ায় বাংলাদেশ দূতাবাসের সামনে বিক্ষোভ

দক্ষিণ কোরিয়ায় বসবাসরত পাহাড়ীদের সংগঠন জুম্ম পিপল্‌স নেটওয়ার্ক-কোরিয়া আজ বুধবার ১৬ জুলাই ২০১৪ রাজধানী সিউলস্থ বাংলাদেশ দূতাবাসের সামনে বিক্ষোভ প্রদর্শন করেছে। জেপিএনকে-এর তথ্য ও প্রচার বিভাগের সহকারী কর্মকর্তা প্রজ্ঞাদ্বীপ চাকমা প্রেরিত এক ইমেইল রিলিজে এ তথ্য জানা গেছে।

দীঘিনালার বাবুছড়ায় বিজিবির ব্যাটালিয়ন ৫১ সদর দপ্তর স্থাপনের নামে ভূমি বেদখল এবং ১০ জুন যত্নমোহন কার্বারী পাড়া ও শশী মোহন কার্বারী পাড়ার বাসিন্দাদের উপর বিজিবি-পুলিশের যৌথ হামলার বিরুদ্ধে প্রতিবাদ জানাতে জেপিএনকে বাংলাদেশ দূতাবাসের সামনে প্রেস কনফারেন্স আয়োজনের মাধ্যমে এই বিক্ষোভ দেখিয়েছে।

জেপিএনকে-এর সাধারণ সম্পাদক ছোটো চাকমার সঞ্চালনায় উক্ত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পড়ে শোনান জেপিএনকে-এর প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক রনেল চাকমা ননি। এ ছাড়া বক্তব্য রাখেন জেপিএনকে-এর সদস্য সমাপ্তি চাকমা ও সোহেল চাকমা।

পরে জেপিএনকে-এর সহসভাপতি রত্নকীর্তি চাকমার নেতৃত্বে একটি প্রতিনিধি দল বাংলাদেশ প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবর লিখিত একটি প্রতিবাদ লিপি দূতাবাসের এক কর্মকর্তার কাছে হস্তান্তর করে।

স্থানীয় সময় সকাল ১০টা থেকে এক ঘণ্টা ব্যাপী অনুষ্ঠিত উক্ত সংবাদ সম্মেলনে পার্বত্য চট্টগ্রাম আন্তর্জাতিক কমিশনের সদস্যদের উপর সেটলার হামলারও নিন্দা জানানো হয়।

প্রতিবাদ লিপিতে কতিপয় দাবি উত্থাপন করা হয়। এগুলো হলো, বিজিবি ব্যাটালিয়ন ৫১ এর জন্য অধিগ্রহণকৃত জমি পাহাড়ি মালিকদের কাছে ফেরত প্রদান, গ্রেফতারকৃত গ্রামবাসীদের বিনা শর্তে মুক্তি, আহতদের যথোপযুক্ত ক্ষতিপূরণ, মানবাধিকার লঙ্ঘনের সাথে জড়িত সকল বিজিবি ও সেনা সদস্যদের বিচার এবং পার্বত্য চট্টগ্রাম থেকে সকল অস্থায়ী সামরিক ক্যাম্প প্রত্যাহার করা।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।